

নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫১.২১-৩৪

তারিখ: ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে ইস্ট বাংলা হজ সার্ভিস লি. (হজ লাইসেন্স নং-৭৪৬), ১৫২/২জে, লতিফা ভিলা, গ্রীণ রোড, পাশুপথ, ঢাকা-১২০৫ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মো: আহসান হাবীব নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

জনাব আহসান হাবীব ও তাঁর পরিবারের ৪ জন সদস্য মিলে সর্বমোট ২৩,২০,০০০/- (তেইশ লক্ষ বিশ হাজার) টাকা এজেন্সির নিকট পরিশোধ করে মক্কায় পৌঁছে নির্ধারিত হোটেলে উঠেন। পরবর্তীতে হোটেল ম্যানেজার তাদের জানান চুক্তিকৃত সম্পূর্ণ অর্থ না পাওয়ায় বরাদ্দকৃত রুমের চাবি দেওয়া যাবে না। এহেন পরিস্থিতিতে তাঁর নিজের কাছে থাকা জমাকৃত ৪০০০/- (চার হাজার) সৌদি রিয়াল জমা দিয়ে রুমে প্রবেশ করেন। এজেন্সির স্বত্বাধিকারী তখন তাদের সাথে হোটেলে অবস্থান করছিলেন কিন্তু কোনো উদ্যোগ গ্রহণ করেননি। বর্তমানে অভিযোগকারী তার ৪,০০০/- (চার হাজার) সৌদি রিয়াল ফেরৎ চেয়েছেন।

০৪। যেহেতু গত ০৭.০৯.২০২২ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫১.২১.২৭৯ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় এবং আপনার জবাব সন্তোষজনক না হওয়ায়; এবং

০৫। যেহেতু উক্ত অভিযোগটি তদন্তের নিমিত্ত গত ১৫.০৯.২০২২ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫১.২১.৩২৬ নং স্মারকমূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-২ এর নিকট প্রেরণ করা হয় এবং গত ১৮.১০.২০২২ তারিখ কমিটির শুনানীতে হাজির হয়ে স্বীকারোক্তি প্রদান করেছেন; এবং

০৬। যেহেতু আপনি ৪ জন হজযাত্রীর সাথে চুক্তি মোতাবেক ভাড়াকৃত হোটেলের ৪০০০ সৌদি রিয়াল পরিশোধ করেননি এবং তা হজযাত্রী পরিশোধ করে হোটেল কর্তৃপক্ষের নিকট থেকে রুমের চাবি সংগ্রহ করেছেন। আপনার প্রতিনিধি ঐ সময়ে হোটলে উপস্থিত থাকার পরেও কোন কার্যক্রম গ্রহণ করেননি; এবং হজযাত্রীকে প্রতিশ্রুতি মোতাবেক সেবা প্রদানে ব্যর্থ হয়েছেন। যার ফলে হয়রানী ও ভোগান্তির স্বীকার হয়েছেন।


০৭। যেহেতু তদন্ত কমিটি অভিযোগকারীর অভিযোগটি সত্য মর্মে নিশ্চিত হয়ে প্রতিবেদন দাখিল করেছে; এবং

০৮। যেহেতু হজযাত্রী সৌদি আরব পৌঁছানোর পরে হোটেল কর্তৃপক্ষের দাবীকৃত ৪০০০ সৌদি রিয়াল পরিশোধ করেছেন। প্রদেয় ৪০০০ সৌদি রিয়াল ফেরত না দেয়ার কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এর দফা (ট) ও (ঠ) অনুযায়ী "হজযাত্রীকে চুক্তিবদ্ধ সেবা প্রদানে ব্যর্থতা" ও "কোন হজ বা ওমরাহযাত্রীকে হয়রানি বা ভোগান্তি" অনিয়ম ও অসদাচরণ করেছেন"; এবং

০৯। যেহেতু এ ধরনের অনিয়মের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

১০। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১৩(২) এর দফা (ক) অনুযায়ী আপনার পরিচালিত ইস্ট বাংলা হজ সার্ভিস লি. (হজ লাইসেন্স নং-৭৪৬)-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হলো। উক্ত জরিমানাকৃত অর্থ আগামী ৩০ কার্যদিবসের মধ্যে ১-৩৫০১-০০০১-১৯০১ কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ের হজ অনুবিভাগে দাখিল করবেন। অন্যথায় এজেন্সির ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করে দেয়া হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



এস.এম. মনিরুজ্জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১১৯

mail:morahajsection@gmail.com

নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৫১.২১-১৪


তারিখ: ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. জনাব মো: আখতার উজ্জামান, চেয়ারম্যান, ইন্স্ট বাংলা হজ সার্ভিস লি. (হজ লাইসেন্স নং-৭৪৬), ১৫২/২জে, লতিফা ভিলা, গ্রীণ রোড, পাশ্চপথ, ঢাকা-১২০৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব